

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৫২৭(আগরতলা-১১।০১)  
ধর্মনগর, ১১ জানুয়ারী, ২০১৮

ধর্মনগরে হস্ততাঁত বঙ্গমেলা শুরু

ধর্মনগর মোটরস্ট্যাণ্ডে আজ থেকে উত্তর ত্রিপুরা জেলা ভিত্তিক ১৪ দিন ব্যাপী হস্ততাঁত বঙ্গমেলা শুরু হয়েছে। চলবে আগামী ২৪ জানুয়ারী পর্যন্ত। হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তর এবং ভারত সরকারের বঙ্গ মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত হস্ততাঁত বঙ্গমেলায় রাজ্যের ৩০টি স্টল সহ উত্তর প্রদেশ, জম্মু ও কাশ্মীর, গুজরাট, রাজস্থান এবং পশ্চিমবঙ্গ থেকে ১৪টি স্টল খোলা হয়েছে। হস্ততাঁত বঙ্গমেলার উদ্বোধন করে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী বিজিতা নাথ বলেন, হস্ততাঁত শিল্পের সঙ্গে যুক্ত তাঁত শিল্পীদের এখানে উৎসাহদান ও বাজারজাত করার সুযোগ করে দিতে এধরনের মেলার আয়োজন করা হয়। সেই দিক থেকে এ মেলার গুরুত্ব রয়েছে। তিনি বলেন, আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির ফলে মেশিনে অনেক উন্নত মানের বঙ্গ তৈরী হচ্ছে। এর সাথে তাল মিলিয়ে এগিয়ে যাওয়া তাঁত শিল্পীদের নানা সমস্যা রয়েছে। ফলে দেশে তাঁত শিল্পীদের অনেক প্রতিষ্ঠান বন্ধ হয়ে যাচ্ছে। তিনি বলেন, রাজ্যের তাঁত শিল্পীরা যাতে একাজে যুক্ত থেকে তাঁদের আর্থ সামাজিক জীবন মানের উন্নয়ন করতে পারেন এর জন্য সরকার নানা কর্মসূচি গ্রহণ করছে।

উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি প্রতিমা দাস বলেন, রাজ্যে প্রায় ২ লক্ষ ৭৪ হাজার মানুষ তাঁত শিল্পের সঙ্গে যুক্ত রয়েছেন। তাঁত শিল্পীদের কাজের গুণমান বৃদ্ধিতে সরকারী উদ্যোগে প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে। যার ফলে রাজ্যের তাঁত শিল্পীদের ও তাঁতবঙ্গ উৎপাদনের গুণগতমান বৃদ্ধি পাচ্ছে। অনুষ্ঠানে ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন শক্তি ভট্টাচার্য প্রধান অতিথি হিসেবে এবং ভাইস চেয়ারপার্সন অতিথি হিসেবে বক্তব্য রাখেন। স্বাগত ভাষণ দেন হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তরের সহ অধিকর্তা সজল কান্তি দাস। উল্লেখ্য, মেলায় প্রতি সন্ধ্যায় থাকছে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন।

\*\*\*\*\*